।।পারিবারিক পরিবেশ ও আমাদের জীবনে তার প্রভাব।।

মানুষের জীবনে পরিবেশের গুরুত্ব অসাধারণ। পরিবেশেই মানুষকে পরিপূর্ণভাবে বিকশিত করে, ব্যক্তিত্বের বিকাশ ঘটায়, চরিত্র গঠন করে। শিশু যখন জন্ম নেয় তখন পিতা ও মাতা  তার প্রথম স্বজন ,আত্মীয়-স্বজন হল তার প্রথম পরিবেশ। পরিবারের সীমিত পরিসরেই তার প্রথম চলাফেরা। বাবা মা, ভাই- বোন ,কাকা -জ্যাঠা ঠাকুরদা- ঠাকুরমা প্রভৃতি পরিবারের লোকজনদের স্নেহে- শাসনে- ভালোবাসায় শিশু ধীরে ধীরে বড় হয়ে উঠতে থাকে । পরিবারের মধ্যেই সে লাভ করে জীবন গঠনের প্রথম পাঠ। প্রতিটি পরিবারের শিক্ষা, রুচি আদর্শ ও মানসিকতা বিভিন্ন হয়। এরই মধ্যে প্রবাহিত হয়ে চলে বংশানুক্রমিক ঐতিহ্যের ধারা। পরিবারের মানুষদের সঙ্গে থাকতে থাকতে শিশু ধীরে ধীরে সেই ঐতিহ্যের সঙ্গে পরিচিত হয় এবং ক্রমে তা তার মনের গভীরে সঞ্চিত হতে থাকে। এখানেই পারিবারিক পরিবেশ ও শিক্ষার গুরুত্ব। তাই শিশুর পারিবারিক পরিবেশটি যাতে সুন্দর হয় সেদিকে নজর দেওয়া প্রয়োজন।